

# ঢাকা মেডিক্যাল কলেজ খুলছে শনিবার

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

আবাসন সমস্যা নিরসনসহ পাঁচ দফা দাবিতে শিক্ষার্থীদের

আন্দোলনে বন্ধ হয়ে যাওয়ার ১৮ দিন পর ১২ জুলাই থেকে ঢাকা

মেডিক্যাল কলেজে শিক্ষা কার্যক্রম চালুর নির্দেশ দিয়েছে

কর্তৃপক্ষ। পাশাপাশি ১১ জুলাই খুলে দেওয়া হচ্ছে মেডিক্যাল

কলেজের হোষ্টেল।

বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ

অধ্যাপক ডা. মো. কামরুল আলম।

মঙ্গলবার (৮ জুলাই) ঢাকা মেডিক্যাল কলেজের একাডেমিক

কাউন্সিলের জরুরি সভায় এ সিদ্ধান্ত হয় বলে জানান তিনি।

এর আগে নিরাপদ আবাসন সুবিধা নিশ্চিত করাসহ পাঁচ দফা

দাবিতে গত মে মাস থেকে ক্লাস বর্জন করে আসছিলেন ঢাকা

মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা। এ দাবিতে ২১ জুন তারা

মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে মানববন্ধন করেন।

ওই কর্মসূচি চলার মধ্যেই ঢাকা মেডিক্যাল কলেজ অনিদিষ্টকালের

জন্য বন্ধ ঘোষণা করে বিজ্ঞপ্তি দেয় কলেজ কর্তৃপক্ষ। সেই সঙ্গে

শিক্ষার্থীদের ২২ জুন দুপুর ১২টার মধ্যে হোষ্টেল ত্যাগ করতে

বলা হয়।

তবে সেদিন সন্ধ্যায় শিক্ষার্থীরা বলেন, তারা হোষ্টেল ছাড়বেন না।

দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা সেখানেই অবস্থান করবেন। ২৩

জুন সকাল ১১টার দিকে শিক্ষার্থীদের ৭ সদস্যের একটি দল

সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে যান। তাদের সঙ্গে ছিলেন অধ্যক্ষ

কামরূপ আলম।

স্বাস্থ্য উপদেষ্টার সঙ্গে বৈঠকের কথা থাকলেও তার বদলে প্রধান

উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক সায়েন্স রহমানের সঙ্গে

তারা বৈঠক করেন।